

শিক্ষক শিক্ষণ কোর্স চালু করছে ইকফাই

কামালঘাট, ২৯ অক্টোবর : চলতি শিক্ষাবর্ষ (২০১৫-১৬) থেকেই ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার অধীনে চালু হচ্ছে শিক্ষক শিক্ষণ বিষয়ক নূতন আরেকটি কোর্স। ব্যাচেলর অব এডুকেশন (বিশেষ শিক্ষা) নামক দুই বছরের এই কোর্সে শারীরিকভাবে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পড়ানোর প্রশিক্ষণ দেওয়া হবে।

ভারত সরকারের সংস্থা রিহাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) বা জাতীয় পুনর্বাসন পর্বদের অনুমোদন আজই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হাতে এসে পৌঁছেছে। প্রাপ্ত অনুমোদন অনুযায়ী এই কোর্সে অনধিক ত্রিশ জন ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে। ১লা নভেম্বর থেকেই ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে বিশ্ববিদ্যালয়ের তরফে জানানো হয়েছে। ১০ নভেম্বর থেকে ক্লাস শুরু হতে পারে।

প্রসঙ্গত, রাজ্য সরকারের সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তর আগেই নূতন এই কোর্স চালু করার জন্য ইকফাই বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় 'নো অবজেকশন' দিয়েছিল। বিশ্ববিদ্যালয়ের আবেদন ও রাজ্য সরকারের 'নো অবজেকশন' মূলে বিগত ২৩ সেপ্টেম্বর তারিখে জাতীয় পুনর্বাসন পর্বদের ২ সদস্যক পরিদর্শক দল ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার কামালঘাটস্থিত ক্যাম্পাস এবং তন্মধ্যে গড়ে উঠা বিভিন্ন পরিকাঠামো সরেজমিনে ঘুরে দেখেন। পরিদর্শক দলে ছিলেন পর্বদের পূর্বাঞ্চলীয় প্রধান ড: অশোক চক্রবর্তী ও ড: বিনয় ভূষণ মহাপাত্র (সদস্য)।

ভারতে শারীরিকভাবে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পড়ানোর জন্য প্রয়োজনীয় শিক্ষকের দারুণ স্বল্পতা রয়েছে। এ বিষয়টি মাথায় রেখেই সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সিবিএসই) অতি সম্প্রতি এক বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে সারা দেশে সিবিএসই অনুমোদিত সবকটি বিদ্যালয়ে শারীরিকভাবে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পড়ানোর যোগ্যতাসম্পন্ন দু'জন শিক্ষকের নিয়োগ বাধ্যতামূলক করেছে। এতে বিএড (স্পেশাল এডুকেশন) কোর্সে পড়ার আগ্রহ অনেকটাই বেড়েছে।

এদিকে, আজ থেকেই পথচলা শুরু করলো ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার আইন সহায়তা কেন্দ্র। এখন থেকে সপ্তাহের প্রতি বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা অর্ধি এই আইন সহায়তা কেন্দ্র খোলা থাকবে। লেদুছড়া, কামালঘাটসহ মোহনপুর মহকুমার বিস্তীর্ণ এলাকার জনগণ এই কেন্দ্র থেকে আইন বিষয়ক বিভিন্ন পরামর্শ ও সহায়তা নিতে পারবেন।

প্রসঙ্গত উল্লেখ্য, বিগত ২৩ মে ২০১৫ তারিখে পশ্চিম জেলার দায়রা বিচারক সুভাষ শিকদার এই আইন সহায়তা কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেছিলেন। সম্প্রতি পশ্চিম জেলা আইন বিষয়ক কর্তৃপক্ষের তরফে এই সহায়তা কেন্দ্র পরিদর্শন ও পরিচালনার জন্য অ্যাডভোকেট সুরজিৎ ভট্টাচার্যকে মনোনীত করেছে। তাকে আইন বিষয়ক বিভিন্ন কাজে প্রয়োজনীয় সহযোগিতার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত দু'জন স্বেচ্ছাসেবীকেও মনোনয়ন দেওয়া হয়েছে। এরা হলেন রূপম মালাকার ও সুকান্ত দেবনাথ।

ক্যাম্পাসে আইন সহায়তা কেন্দ্রের পথচলা প্রসঙ্গে প্রতিক্রিয়া ব্যস্ত করতে গিয়ে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার জানান, এই আইন সহায়তা কেন্দ্র সন্নিকটস্থ এলাকা ছাড়াও দূরদূরান্তের নাগরিকদের আইনি প্রত্যাশা মেটাতে সহায়ক হবে।

35 CM.

DAINIK SAMBAD

30/10/2015